

“রোগীর সেবায় হই আরো যত্নবান” এ প্রতিপাদ্য (থিম)কে ধারণ করে

**বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও ম্যুরালে শ্রদ্ধানিবেদন, বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসাসেবা ও স্বেচ্ছায় রক্তদানসহ
বিস্তারিত কর্মসূচীর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ৪২তম জাতীয় শোক দিবস পালিত
৪৭৮৮ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান**

“রোগীর সেবায় হই আরো যত্নবান” এ প্রতিপাদ্য (থিম)কে ধারণ করে এবং নার্সিং সেবার মানোন্নয়ন ও সকল ওয়ার্ডকে মডেল ওয়ার্ডে উন্নীতকরণের দৃঢ় শপথ নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদৎবার্ষিকী, জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও ম্যুরালে শ্রদ্ধানিবেদন, বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসাসেবা ও স্বেচ্ছায় রক্তদানসহ বিস্তারিত কর্মসূচীর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় গুরুত্বপূর্ণ এই দিবসটি পালিত হয়েছে। ৪২তম জাতীয় শোক দিবস উপলক্ষে সকাল ৮টায় খানমন্ডি ৩২ নম্বর রোডস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের নেতৃত্বে শিক্ষক, ছাত্রছাত্রী, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীবৃন্দ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এরপর সকাল ৮টা ৫০ মিনিটে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতির জনক বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান হাসপাতালের বহির্বিভাগে বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসাসেবার উদ্বোধন করেন। সকাল ৯টায় থেকে শুরু করে বেলা ২টায় পর্যন্ত বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ বিনামূল্যে রোগীদের চিকিৎসাসেবা প্রদান করেন। মেডিসিন অনুষদের ২১টি বিভাগ, সার্জারি অনুষদের ১৪টি বিভাগ ও ডেন্টাল অনুষদের ৪টি বিভাগসহ মোট ৩৯টি বিভাগে ৪৬ জন অধ্যাপক, ৫৫ জন সহকারী অধ্যাপক, ২০ জন সহকারী অধ্যাপক, ৩ জন কনসালটেন্ট, ১৩ জন মেডিক্যাল অফিসার, ৫৪ জন আবাসিক চিকিৎসক, ৭৪ জন নার্স ও মেডিক্যাল টেকনোলজিস্ট, কর্মকর্তা, কর্মচারীসহ পঁচাত্তর জনবল ১১৭টি কক্ষে এই মহতী কার্যক্রমে সরাসরি অংশ নেন। সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত মোট ৪৭৮৮ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেয়া হয়। এরমধ্যে মেডিসিন অনুষদে ২৬৬০ জন, সার্জারি অনুষদে ১৯৩৮ জন এবং ডেন্টাল অনুষদে ১৯০ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেয়া হয়। এসব কর্মসূচীতে আরো উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ডা. মোঃ অসাদুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন প্রমুখ। কর্মসূচীর মধ্যে আরো ছিলো সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের বঙ্গবন্ধুর ম্যুরালের সামনে ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান এবং দুপুর ১টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে বাদ জোহর কোরানখানি, দোয়া মাহফিল, তবারক বিতরণ ও দুপুর ১টা ৩০ মিনিটে অন্যান্য ধর্মান্বলম্বীদের প্রার্থনা অনুষ্ঠান।

